



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 2
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ পরীক্ষণ

Date : 03.07.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

বাবা ও ছেলে কয়েক ক্রোশ পথ হেঁটে চলে আসছেন কলকাতায়। চলতে চলতে ছেলে দেখল, রাস্তার ধারে বাটনা-বাটা শিল। রাস্তায় শিল কেন? “বাবা রাস্তার ধারে শিল পোঁতা কেন?” “শিল নয়রে বোকা। ওগুলো মাইলস্টোন”। সে আবার কী জিনিস। বাবা বুঝিয়ে দিলেন মাইল মানে আধ ক্রোশ আর স্টোন হল পাথর। আধক্রোশ চিহ্ন। কলকাতার এক মাইল দূরে যে পাথর তাতে ‘এক’ লেখা আছে। এটাতে ‘উনিশ’। তার মানে আমরা কলকাতা থেকে উনিশ মাইল দূরে আছি। দেখে শুনে ঈশ্বর বলল, এটা তবে ইংরেজি ‘এক’ আর এটা ‘নয়’? বেশ, ছেলে তখন মনে মনে ঠিক করল, পথেই সে ইংরেজি অঙ্ক শিখে নেবে। আর কী আশ্চর্য শিখলও। উনিশ থেকে দশ পর্যন্ত এসে খুব নিশ্চিত মুখে সে জানিয়ে দিল, বাবা ইংরেজি অঙ্ক শেখা হল। এক থেকে দশ পর্যন্ত দেখে নিয়েছি।

১) বাবা - ছেলে কোথায় চলেছেন?

উঃ বাবা - ছেলে কলকাতায় চলেছেন।

২) চলতে চলতে ছেলে কী দেখল?

উঃ চলতে চলতে ছেলে দেখল, রাস্তার ধারে বাটনা - বাটা শিল।

৩) মাইলস্টোন কাকে বলে?

উঃ যে পাথরে মাইলের হিসেব লেখা থাকে তাকে বলে মাইলস্টোন।

৪) কলকাতা থেকে বাবা ছেলে কতদূরে ছিলেন?

উঃ কলকাতা থেকে বাবা ছেলে উনিশ মাইল দূরে ছিলেন।

৫) ছেলে মনে মনে কী ঠিক করল?

উঃ ছেলে মনে মনে ঠিক করল, পথেই সে ইংরেজি অঙ্ক শিখে নেবে।

৬) অর্থ লেখ : আশ্চর্য

আশ্চর্য — বিস্ময়কর

৭) শূন্যস্থান পূরণ কর।

বাবা বুঝিয়ে দিলেন মাইল মানে আধ ক্রোশ আর স্টোন হল পাথর।

৮) সমার্থক শব্দ লেখ (একটি) : ছেলে

ছেলে - পুত্র

৯) বিপরীত শব্দ লেখ : দূরে

দূরে - নিকটে

১০) বাক্য রচনা কর : কলকাতা

কলকাতা - কলকাতায় অনেক দর্শনীয় স্থান আছে।

১১) পদ পরিবর্তন কর : ঈশ্বর

ঈশ্বর — ঐশ্বরিক

১২) ‘আমরা’ শব্দটির একবচনের রূপ লেখো।

উঃ ‘আমরা’ শব্দটির একবচনের রূপ হল ‘আমি’।